

সব পাঠকের প্রিয় দৈনিক

গ্রামের কাগজ

The Daily Gramer Kagoj

জানুয়ারিতে শুরু হবে বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড

কাগজ ডেস্ক : শিক্ষার্থীদের মধ্যে পদার্থ বিজ্ঞান বিষয়ে মেধার প্রতিযোগিতা সৃষ্টির লক্ষ্যে জাতীয় পর্যায়ে আগামী জানুয়ারি মাস থেকে 'বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড ২০১২' অনুষ্ঠিত হতে যাচ্ছে। বাংলাদেশ পদার্থ বিজ্ঞান অলিম্পিয়াড কমিটি এ ধরনের আয়োজন করতে যাচ্ছে।

এতে বিজয়ী ৫ জন শিক্ষার্থী ২০১২ সালের জুলাই মাসে আন্তর্জাতিক পর্যায়ে এস্তোনিয়ায় অনুষ্ঠিতব্য 'ইন্টারন্যাশনাল ফিজিক্স অলিম্পিয়াড ২০১২' এ অংশ গ্রহণের সুযোগ পাবে।

শুক্রবার দুপুরে জাতীয় প্রেসক্লাবের হলরুমে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড কমিটি এ বিষয়গুলো তুলে ধরেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, 'দেশের ৭টি বিভাগে এই অলিম্পিয়াডের আয়োজন করা হচ্ছে। অলিম্পিয়াডে অংশ নিতে ইচ্ছুকরা এসএমএসের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে পারবে। আগ্রহী প্রতিযোগীরা নিজের নাম, জন্ম তারিখ, স্কুলের নাম, শ্রেণী ও যোগাযোগের নম্বর এসএমএস করলে আয়োজক কমিটি তাদের মধ্য থেকে বিভাগীয় পর্যায়ে অংশ গ্রহণের জন্য প্রথম ৭৫০ জনকে আমন্ত্রণ জানাবে।'

এসএমএস করার নিয়ম হলো, name<space>DOB (dd/mm/)\class<space>contact no লিখে চট্টগ্রামের জন্য ০১৭৫৪২৯০১০০, রংপুরের জন্য ০১৮৩৩০৭২২৭২, সিলেটের জন্য ০১৫৫২৪৯৭৭৮৪ এবং ঢাকার জন্য ০১৭২২৯৯৪৬৭৭ নম্বরে এসএমএস পাঠাতে হবে।

এতে আরও জানানো হয়েছে, 'বিভাগীয় পর্যায়ে থেকে 'এ', 'বি', 'সি' এই তিনটি ক্যাটাগরিতে ২০ জন করে প্রতিটি বিভাগ থেকে ৬০ জন শিক্ষার্থী নেওয়া হবে। এরপর বিভাগীয় পর্যায়ের বিজয়ীদের নিয়ে আগামী ফেব্রুয়ারিতে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে জাতীয় পর্যায়ের অলিম্পিয়াড।'

এতে তুলে ধরা হয়, 'সারা দেশের স্কুল, কলেজ ও প্রাক বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে জাতীয় পর্যায়ে দ্বিতীয় বারের মতো এ আয়োজন। এতে থাকবে পদার্থ বিদ্যা বিষয়ে বিভিন্ন রাউন্ডে পরীক্ষা, কুইজ প্রতিযোগিতা, প্রতিবেদন ও প্রজেক্ট উপস্থাপন, সেমিনার ও ভিডিও শো।'

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন, কমিটির সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিদ্যা বিভাগের অধ্যাপক ড. খোরশেদ আহমেদ কবির, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও কমিটির সহ-সভাপতি ড. মুহাম্মদ জাফর ইকবাল।

এছাড়াও আরও উপস্থিত ছিলেন, কমিটির সাধারণ সম্পাদক ফয়েজ আহাম্মদ জাহাঙ্গীর মাসুদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিদ্যা বিভাগের অধ্যাপক ও অলিম্পিয়াডের কোচ ড. আরশাদ মোমেন, অধ্যাপক জাহিদ হাসান মাহমুদ ও বুয়েটের শিক্ষক ফারসিম মান্নান মোহাম্মদী প্রমুখ।

বক্তারা বলেন, 'বাংলাদেশের শিক্ষার্থীরা বিশ্বমানের। তাদের এই মেধাকে শানিত করার সুযোগ দিলে দেশে আমূল পরিবর্তন আসতে পারে। এজন্য প্রয়োজন মেধার প্রতিযোগিতা। এ প্রতিযোগিতা নিঃসন্দেহে সেই মেধাকে শানিত করবে।'

Posted Date: 2011-12-09

© 2011 all rights reserved by gramerkagoj.com